

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি  
কোটবাড়ী, কুমিল্লা

বার্ড ইনোভেশন টিমের ১ম সভার কার্যবিবরণী, ২০২০-২০২১ খ্রিঃ

সভাপতিঃ মোঃ সফিকুল ইসলাম  
পরিচালক (পল্লী অর্থনীতি ও ব্যবস্থাপনা)

স্থান : সভাপতি মহোদয়ের অফিস কক্ষ  
তারিখ : ২৬/০৮/২০২০ খ্রিস্টাব্দ  
সময় : বিকাল ০৩ঃ০০ ঘটিকা


উপস্থিত সদস্যবৃন্দঃ

- ১। জনাব রঞ্জন কুমার গুহ, যুগ্ম-পরিচালক, বার্ড।
- ২। ড. শেখ মাসুদুর রহমান, যুগ্ম-পরিচালক, বার্ড।
- ৩। কাজী সোনিয়া রহমান, উপ-পরিচালক, বার্ড।
- ৪। জনাব মোঃ রিয়াজ মাহমুদ, উপ-পরিচালক, বার্ড।

সভার শুরুতে সভাপতি উপস্থিত ইনোভেশন টিমের সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় :

- ১। নতুন উদ্ভাবনী ধারণা আহবানের জন্য আইডিয়া ফরম বিতরণ করা। উল্লেখ্য যে, নতুন উদ্ভাবনী ধারণার আইডিয়া ফরম-এ উদ্ভাবক কতৃক টাইম লাইন সংযুক্ত করার বিষয় সভায় সিদ্ধান্ত হয়।
- ২। বার্ড, ইনোভেশন কমিটির সভা প্রতি দুই মাসে একটি করে আয়োজন করা।
- ৩। সেপ্টেম্বর ২০২০ খ্রিঃ সময়ে নতুনভাবে নির্ধারিত আইডিয়াসমূহ নিয়ে ০১টি সেমিনার এর আয়োজন করা।
- ৪। ডিসেম্বর ২০২০ খ্রিঃ সময়ের মধ্যে ০২টি প্রশিক্ষণের আয়োজন করা। উল্লেখ্য যে, সক্ষমতা বিষয়ে অক্টোবর মাসে এবং সেবা সহজীকরণ বিষয়ে নভেম্বর মাসে সময় নির্ধারিত হয়।
- ৫। ২০২০-২০২১ অর্থ বছরে নতুনভাবে গৃহীত উদ্ভাবনী ধারণাসমূহ এবং সেমিনারের সিদ্ধান্তসমূহ ০২/১১/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে তথ্য বাতায়নে সংযুক্ত করা।
- ৬। মাঠ পর্যায়ে বাস্তবায়িত বার্ডের কল্যাণ ইনকিউবেটর উদ্ভাবনের মূল্যায়ন ফেব্রুয়ারি ২০২১ সময়ের মধ্যে সম্পন্ন করা।
- ৭। নভেম্বর ২০২০ খ্রিঃ সময়ের মধ্যে বাপার্ড গোপালগঞ্জ-এ ০১টি শিক্ষা সফর ও ধারণা বিনিময়ের অনুষ্ঠান আয়োজন করা।
- ৮। তথ্য বাতায়নে সংযুক্ত তথ্যের হালনাগাদ ফলোআপ করা।
- ৯। বার্ডের অন্যতম ডিজিটাল সেবা লাইব্রেরী ম্যানেজম্যান্ট সিস্টেম বাস্তবায়ন ও সেবা সহজীকরণ হিসেবে মন্ত্রণালয়ে অন্তর্ভুক্ত করার উদ্যোগ গ্রহণ করা।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
৩১/০৮/২০২০  
(মোঃ রিয়াজ মাহমুদ)

উপ-পরিচালক (পল্লী ব্যবসা ব্যবস্থাপনা)

ও

সদস্য সচিব, ইনোভেশন কমিটি

  
৩১/৮/২০২০  
(মোঃ সফিকুল ইসলাম)

পরিচালক (পল্লী অর্থনীতি ও ব্যবস্থাপনা)

এবং

ইনোভেশন অফিসার

বিতরণঃ

- ১। পরিচালক (প্রশাসন), বার্ড।
- ২। পরিচালক (প্রশিক্ষণ), বার্ড।
- ৩। কমিটির সংশ্লিষ্ট সদস্যবৃন্দ, বার্ড।
- ৪। জনাব মোঃ আশিক সরকার লিফাত, সহকারী পরিচালক (উন্নয়ন যোগাযোগ), বার্ড অবগতি ও ওয়েবসাইটে সংযোজনের জন্য।
- ৫। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী-অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৬। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী-মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।